

# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

## আবশ্যিক

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে :

## শিক্ষক পদ

- ১। কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ  
(ক) অধ্যাপক-এর ২ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ ৬৪ ৫৬৫০০-৭৪৪০০/-।  
(খ) সহকারী অধ্যাপক-এর ২ টি অস্থায়ী পদ (সহযোগী অধ্যাপক পদের বিপরীতে)। বেতন স্কেল ৳ ৩৫৫০০-৬৭০১০/-।
- ২। তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ  
সহযোগী অধ্যাপক-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ ৫০০০০-৭১২০০/-।
- ৩। পুরকৌশল বিভাগ  
(ক) সহযোগী অধ্যাপক-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ ৫০০০০-৭১২০০/-।  
(খ) সহকারী অধ্যাপক-এর ৪ টি অস্থায়ী পদ (সহযোগী অধ্যাপক পদের বিপরীতে)। বেতন স্কেল ৳ ৩৫৫০০-৬৭০১০/-।
- ৪। ইন্সটিটিউটাল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগ  
সহযোগী অধ্যাপক-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ ৫০০০০-৭১২০০/-।
- ৫। পানি ও বন্যা ব্যবস্থাপনা ইনস্টিটিউট  
সহকারী অধ্যাপক-এর ৪ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ ৩৫৫০০-৬৭০১০/-।
- ৬। মানবিক বিভাগ  
সহকারী অধ্যাপক-এর ২ টি অস্থায়ী পদ। {১টি (হিসাব বিজ্ঞান) এবং ১টি (সমাজ বিজ্ঞান) (সহযোগী অধ্যাপক পদের বিপরীতে)}।  
বেতন স্কেল ৳ ৩৫৫০০-৬৭০১০/-।

## উপরোল্লিখিত পদসমূহের আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ০৫/০৬/২০১৮

সকল পদের বিস্তারিত তথ্যের জন্য ব্যুয়েট ওয়েব সাইট (regoffice.buet.ac.bd)-Vacancy-এর Job circular page-এ Search করা অথবা রেজিস্ট্রার অফিসের সংশ্লিষ্ট শাখায় সরাসরি যোগাযোগ করা যাইতে পারে।

### সকল পদের জন্য প্রয়োজ্যঃ-

এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত (REG-1) ফরমে সকল অতীত ও বর্তমান চাকুরীর পদমর্যাদা, বেতন স্কেল ও তারিখ উল্লেখ পূর্বক রেজিস্ট্রার-এর বরাবরে আবেদনপত্র (REG-1-এ ১৫ সেট) জমা দিতে হইবে। তন্মধ্যে ১ সেটের সাথে ৩ কপি সত্যায়িত ছবি এবং কম্পিউটার BUET-এর অনুকূলে প্রদেয় ৩য়, ৪র্থ ও ৫ম গ্রেড (বেতন স্কেল ৳ ৫৬৫০০-৭৪৪০০/-, ৫০০০০-৭১২০০/- ও ৪৩০০০-৬৯৮৫০/-) পদে আবেদনের জন্য ৳ ১,০০০/- (এক হাজার) ও অন্যান্য পদের জন্য ৳ ৭৫০/- (সাত শত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অথবা কম্পিউটার অফিস কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক ব্যুয়েট শাখায় নগদ টাকা জমা প্রদান পূর্বক, টাকার রশিদ সংযুক্ত করতঃ প্রত্যেক সেটের সাথে আবেদনপত্র/ Forwarding Letter-সহ সকল সার্টিফিকেট, টেস্টিমোনিয়াল, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট এবং অভিজ্ঞতার সার্টিফিকেট-এর সত্যায়িত কপি (সকল কাগজপত্র বাঁধাইকৃত সেট) সংযুক্ত করিতে হইবে। অসম্পূর্ণ, ভুল তথ্যসম্বলিত এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। প্রার্থীর শিক্ষাজীবনের কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য নহে।

বেসরকারি বিশ্ববিদ্যালয়/বিদেশী ডিগ্রিদারী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/অফিস কর্তৃক যথানিয়মে ইকুয়ালিভালেন্স সম্পাদন সাপেক্ষে আবেদন পত্র প্রসেস করা হইবে। আবেদনের জন্য নির্ধারিত (REG-1) ফরম ও শিক্ষক পদের Q.T এই বিশ্ববিদ্যালয়ের Web Site (regoffice.buet.ac.bd)-এর download page হইতে সংগ্রহ করা যাইবে। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার যাতায়াত বা দৈনিক ভাতা দেওয়া হইবে না। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।



(অধ্যাপক ডঃ এস.এম. মাহবুবুর রহমান)  
রেজিস্ট্রার (অঃ দাঃ)

নং সংস্থা/ব-৫৯/৭৭৪২৬/৭৬৯৭৩/৭৮৩১২/৭৯০৯৭/৭৭৬৭৬/৭৮৪৩০/৭৯৮০০/৭৮৮৮৩/৭৯৮৫১/৭৯৫১৩/রে-৪৮৫২ (৬০)

তারিখঃ ১৪/০৫/২০১৮

### বিতরণ (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) :-

- ১। ডীন, সকল অনুষদ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ২। সকল বিভাগীয় প্রধান/ পরিচালক/ অফিস প্রধান/ হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৩। পরিচালক, আই.আই.সি.টি, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।- (বিজ্ঞপ্তি Web Site-এ দেওয়ার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪। সিস্টেম এনালিস্ট, রেজিস্ট্রার অফিস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।- বিজ্ঞপ্তি Web Site-এ দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য।